# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর-১৭০৪

স্মারক নং- ১৬(৭৬৯)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রফেশনাল ভর্তি/২০১৬(২)/৩৭৫০ তারিখ ঃ ১১/০১/২০১৭

# ২০১৭ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) ভর্তি বিজ্ঞপ্তি

(সংশ্লিষ্ট কোর্সসমূহের জন্য চলমান শিক্ষাবর্ষ প্রযোজ্য হবে)
ভর্তি বিষয়ক ওয়েবসাইট
**(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড/এমএড/এমএসএড/এমপিএড/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/এলএলবি শেষ বর্ষের অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন আগামী ১৬ জানুয়ারি ২০১৭ তারিখ বিকাল ৪ টা থেকে শুরু হয়ে ৩১ জানুয়ারি ২০১৭ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজে ০২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।
এ ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না। আবেদনকারীদের স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে শিক্ষাকার্যক্রম ভিত্তিক মেধাতালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

১। আবেদনের সাধারণ যোগ্যতা

ক) ২০১৭ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব এডুকেশন [বিএড], ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন [বিএমএড], ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন [বিএসএড], ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন [বিপিএড]:

- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) অথবা ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এই ক্যাটাগরীর প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Master's Tab** এ গিয়ে **Apply Now (Masters Professional)** অপশন থেকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

- জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২ বছর মেয়াদী স্নাতক (পাস) অথবা ৩ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগন কর্মরত শিক্ষক হয়ে থাকলে বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড কোর্সে ২০১৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য প্রাথমিক আবেদন করতে পারবেন। এছাড়া স্বীকৃত অন্যান্য যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগন উক্ত শিক্ষাকার্যক্রম সমূহে ভর্তির জন্য প্রাথমিক আবেদন করতে পারবেন। এই ক্যাটাগরির প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Master's Tab এ গিয়ে blank data entry form (Masters Professional) অপশন থেকে নির্ধারিত সময়েই প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

- BPEd কোর্সে ভর্তির জন্য প্রার্থীর বয়স ৩৫ বছরের অধিক হবে না (৩১/১২/২০১৬ তারিখ পর্যন্ত) তবে শিক্ষকদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীর বিষয়ভিত্তিক যোগ্যতার বিষয়টি সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ যাচাই করবেন।

খ) ২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার অব এডুকেশন [এমএড]: জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে BEd/BMEd পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
গ) ২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার অব স্পেশাল এডুকেশন [এমএসএড]: জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে BSEd / BEd / BMEd পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
ঘ) ২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার অব ফিজিক্যাল এডুকেশন [এমপিএড]: জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে BPEd পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
ঙ) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব ল' [এলএলবি] শেষ পর্ব : জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে এলএলবি ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
চ) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে এমএসসি ইন কম্পিউটার সায়েন্স : জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০১৩ বা তৎপূর্বে বিএসসি ইন কম্পিউটার সায়েন্স পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

২। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল

ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে শিক্ষাকার্যক্রম ভিত্তিক মেধাতালিকা তৈরী করা হবে।

খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাঙ্কোর সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর স্নাতক পর্যায়ে পরীক্ষার প্রাপ্ত নম্বর/সিজিপিএ এর শতকরা হার অনুযায়ী মেধাক্রম নির্ধারণ করা হবে। যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, তা হলে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।
গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধাতালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধাতালিকা, কোটা এবং রিলিজ স্লিপের মাধ্যমে প্রকাশ করা হবে।
ঘ) সংশ্লিষ্ট কলেজ **User ID, Password** ও **OTP** ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট **(www.nu.edu.bd/admissions** অথবা **www.admissions.nu.edu.bd)** এবং **SMS (nu<space>atpm<space>roll no** টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে**)** এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

৩। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়
ক) আবেদনকারীকে নির্দিষ্ট **(www.nu.edu.bd/admissions** অথবা **www.admissions.nu.edu.bd)** website Master's Tab-এ গিয়ে **Apply Now (Masters Professional)/ Blank Data Entry Form (Masters Professional)** অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক(সম্মান)/স্নাতক(পাস)/বিপিএড/বিএড/বিএড(সম্মান)/বিএসএড /বিএমএড/এলএলবি পার্ট-১/বিএসসি ইন কম্পিউটার

সায়েন্স পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার প্রাপ্ত নম্বর/সিজিপিএ, মোট নম্বর/সিজিপিএ, পঠিত বিষয়/কোর্স, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) **Blank Data Entry Form (Masters Professional)** এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য ও শিক্ষক নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তিযোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স প্রফেশনাল কোর্সের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সংগে তার প্রার্থিত কোর্সের পছন্দ নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য(Ward) ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb.

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Master's Tab-এ গিয়ে Applicant's Login (Masters Prof.) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the OTP অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।

জ) এই আবেদন ফরমের সংগে প্রার্থীর স্নাতক পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও Online এ ভর্তির প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

৪। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত User ID ও Password দিয়ে সংশ্লিষ্ট কলেজ তাদের ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য Login করবে। প্রাথমিক আবেদন ফরম ও ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate the OTP অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS /কলেজের E-mail এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন করা যাবে। এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে ভর্তির কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুই জন দায়িত্বশীল শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে প্রেরণ করতে হবে।

খ) প্রাথমিক আবেদন: সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীর কাছ থেকে প্রথমে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করবে। কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে প্রার্থীর আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত সকল তথ্য ও ছবি অত্যন্ত সতর্কতার সাথে যাচাই করে নিতে হবে।

- **Blank Data Entry Form (Masters Professional)** এর মাধ্যমে যে সকল প্রার্থী আবেদন করবে, তাদের প্রাথমিক আবেদন ফরম যাচাইয়ের ক্ষেত্রে প্রার্থীর নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, প্রার্থীর দাখিলকৃত নম্বর ও সনদপত্র, শিক্ষকতার প্রত্যয়ন পত্রের(প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি এবং ছবির সাথে মিলিয়ে নিতে হবে।
- তথ্য সঠিক মনে হলে নির্ধারিত ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা রেখে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login অপশনে গিয়ে **Applicant's/Admission Approval (Masters Professional)** মাধ্যমে এন্ট্রি নিশ্চিত করতে হবে।
- কোন প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন না করা হলে ঐ প্রার্থীর মেধাতালিকা প্রণয়ন করা হবে না।

গ) প্রাথমিক আবেদন ফি' সোনালী সেবায় পরিশোধ : সংশ্লিষ্ট কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি আবেদনকারী থেকে ২০০/- (দুইশত) টাকা হারে] সোনালী সেবায় পরিশোধ করবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Masters Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৫ সালের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঘ) চূড়ান্ত ভর্তি: মেধাতালিকা, রিলিজ স্লিপ ও কোটায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের কাছ থেকে সংশ্লিষ্ট কলেজ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম সংগ্রহ করবে। চূড়ান্ত ভর্তির আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত সকল তথ্য ও ছবি অত্যন্ত সতর্কতার সাথে যাচাই করে নিতে হবে।

- **Blank Data Entry Form (Masters Professional)** এর মাধ্যমে যে সকল প্রার্থী আবেদন করবে, তাদের চূড়ান্ত ভর্তির আবেদন ফরম যাচাইয়ের ক্ষেত্রে প্রার্থীর নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, প্রার্থীর দাখিলকৃত নম্বর ও সনদপত্র, শিক্ষকতার প্রত্যয়ন পত্রের(প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি এবং ছবির সাথে মিলিয়ে নিতে হবে।
- তথ্য সঠিক মনে হলে চূড়ান্ত ভর্তি ফি জমা রেখে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চয়ন করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login অপশনে গিয়ে **Applicant's/Admission Approval (Masters Professional)** মাধ্যমে এন্ট্রি নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কলেজ তাদের এন্ট্রিকৃত আবেদনকারীদের তালিকা website-এ দেখতে পারবে।

- কোন শিক্ষার্থীর তথ্যগত অসংগতি বা ত্রুটিপূর্ণ ছবি পরিলক্ষিত হলে ভর্তি নিশ্চয়ন না করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে।
- **Blank Data Entry Form** ব্যবহার করে যারা ভর্তি হয়েছে, সে সকল শিক্ষার্থীদের শিক্ষকতা অভিজ্ঞতার দালিলিক প্রমাণাদি(প্রযোজ্য ক্ষেত্রে) এবং শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূলকপি যাচাই করে ভর্তি নিশ্চয়ন করতে হবে এবং "প্রার্থী/প্রার্থীদের ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদি সঠিক"- মর্মে একটি প্রত্যয়নপত্রসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের একটি তালিকা কলেজ অধ্যক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) দপ্তরে প্রেরণ করবেন।

সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে সেই প্রার্থী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না এবং তার রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গ) চূড়ান্ত ভর্তি ফি' সোনালী সেবায় পরিশোধঃ সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি প্রার্থী থেকে ০৯ নং অনুচ্ছেদে কোর্সভিত্তিক বর্ণিত হারে টাকা] সোনালী সেবার মাধ্যমে পরিশোধ করবে। এ লক্ষ্যে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে **Admission Payment Info (Masters Professional)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে মাস্টার্স/স্পেশাল এডুকেশন(প্রফেশনাল) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।

▶▶ এই ভর্তি কার্যক্রমের যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ও
সদস্য সচিব
মাস্টার্স ও প্রফেশনাল কোর্সসমূহে ভর্তি পরিচালনা কমিটি
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল: pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৬৯)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রফেশনাল ভর্তি/২০১৬(২)/৩৭৪০ তারিখঃ ১১/১/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৩। মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৪। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
৫। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
৭। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর(একাডেমিক) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১। অফিস কপি।

১১/১/২০১৭
উপ-রেজিস্ট্রার (প্রফেশনাল)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪